ইত্তেফাক

তারিখ ... ...1.5.83... ...
পৃষ্ঠা... ... 3 কলাম 3 ... ...

034



## আজ মাহবুব-উল আলমের ৮৬তম জন্মবার্ষিকী

আজ (রবিবার) প্রথিতযশা সাহিত্যিক ও সাংবাদিক মাহবুব-উল-আলমের ৮৩তম জন্মবার্ষিকী। চট্টগ্রামের হাটহাজারী থানার ফতেয়াবাদ গ্রামে ১৮৯৮ সালে এক সম্ভ্রান্ত পরিবারে তিনি জন্মগ্রহণ করেন। দ্বিতীয় মহাযুদ্ধকালে হাবিলদার কবি কাজী নজরুল ইসলামের সমসাময়িক সৈনিক হিসাবে পল্টনে বেংগল রেজিমেন্টে তিনি যোগদান করেন। সৈনিক জীবন হইতে ফিরিয়া আসিয়া তিনি সাব রেজিষ্ট্রার পদে সরকারী চাকুরী করেন। অতঃপর তিনি চট্টগ্রামের প্রাচীনতম সাপ্তাহিক ও পরে দৈনিকরূপে প্রকাশিত 'জমানা' পত্রিকা প্রকাশ করেন।

গোঁফ সন্দেশ, পঞ্চঅন্ন, সঙ্কট কেটে যাচ্ছে, মফিজন, পল্টন জীবনের স্মৃতি, মোমেনের জবানবন্দী, চট্টগ্রামের ইতিহাস (চার-

(৫ম পৃঃ দ্রঃ)

## মাহবুব-উল আলমের জন্মবার্ষিকী

(৩য় পৃঃ পর)

খণ্ড), বাংলাদেশের মুক্তিযুদ্ধের উপর লেখা 'রক্ত আগুন অশ্রুজল স্বাধীনতা ও বাঙালীর মুক্তিযুদ্ধের ইতিবৃত্ত' (সম্পূর্ণ) নামক গ্রন্থ তাঁর রচিত পুস্তকের মধ্যে উল্লেখযোগ্য।

তিনি সম্পাদক সাহিত্যিক সাংবাদিক হিসাবে লিবিয়া, ইরাক, ইরান, মিসর আমেরিকাসহ অনেক দেশ ভ্রমণ করেন এবং প্রেসিডেন্ট সাহিত্য পুরস্কার, একুশের পদকসহ বিভিন্ন পুরস্কারে সম্মানিত হন। প্রেস বিজ্ঞপ্তি।